# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২০

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অদ্য ১৮ আগস্ট ২০১৮ তারিখ দুপুর ০১:৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে "দোয়া মাহফিল ও আলোচনা" সভা অনুষ্ঠিত হয়।

উক্ত "দোয়া মাহফিল ও আলোচনা" সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম.পি.। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন সভায় সভাপতিত্ব করেন। কমিশনের কমিশনারদ্বয় ড. স্বপন কুমার বালা, এফসিএমএ এবং খোন্দকার কামালুজ্জামান ছাড়াও উক্ত অনুষ্ঠানে কমিশনের নির্বাহী পরিচালকগণসহ সকল স্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সভায় কমিশনের চেয়ারম্যান ও কমিশনারবৃন্দ ১৯৭৫ সালের ১৫ই আগস্টে শাহাদৎবরণকারী সকলের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বঙ্গবন্ধুর জীবনী ও রাজনৈতিক দর্শন নিয়ে আলোচনা করেন এবং অত্যান্ত কৃতজ্ঞতার সাথে স্বাধীনতা অর্জনে তথা সমাজ বিবর্তনে বঙ্গবন্ধুর অবদানের কথা উল্লেখ করেন। প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় অর্থমন্ত্রী মহোদয় অন্যান্যের মধ্যে বলেন- "জাতির জনকের বিয়োগান্তক ঘটনা আমাদের জন্য খুবই শোকাবহ ছিল। বঙ্গবন্ধু তাঁর মৃত্যুর আগে মাত্র চার বছরের কম সময়ের মধ্যে মুক্তিযুদ্ধে তিন-পঞ্চমাংশ ক্ষতিগ্রস্থ একটি দেশকে যেভাবে এগিয়ে নিয়ে যান, তা ছিল তাঁর নেতৃত্বের এক বিস্ময়কর গুণ। দুই দশক ধরে আমাদের যে হারে অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে, তাতে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার মাধ্যমে আমরা ২০৩০ সনের বেশ আগেই অর্জন করবো। জাতীয় শোক দিবসের শোককে শক্তিতে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে আমরা সফল হবোই।"

এরপর ১৫ই আগস্টের নিহতদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল পরিচালনা করেন কমিশনের পরিচালক জনাব শেখ মাহবুব উর রহমান। অনুষ্ঠান শেষে ১৫ই আগস্টের শহীদদের স্মৃতির স্মারক হিসেবে বৃক্ষ রোপন করেন মাননীয় প্রধান অতিথি।

২৮/০৮/২০১৮

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd


"যতকাল রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা বহমান ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান"
জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায়....
দোয়া মাহফিল ও আলোচনা
প্রধান অতিথি : জনাব আবুল মাল আব্দুল মুহিত এম.পি
মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
সভাপতি : ড. এম. খায়রুল হোসেন
১৮ আগস্ট, ২০১৮
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


পরিবারের অন্যান্য সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামন
দোয়া মাহফিল ও আলোচনা
অতিথি : জনাব আবুল মাল আব্দুল মুহিত এম.পি
মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
সভাপতি : ড. এম. খায়রুল
১৮ আগস্ট, ২০১৮
মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ


জাতীয় শোক
প্রধান অতিথি ঃ




যতকাল রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা
জাতীয় শোক দিবস উপলক্ষে
পরিবারের অন্যান্য
দোয়া
অতিথি : জনাব আবুল মাল আব্দুল
মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
সিকিউ


প্রধান অতিথি :
মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
১৮ আগস্ট, ২০১৮
মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড
Bashundhara
Facial Tissue


বিসমিল্লাহির রাহমানির রাহিম
"যতকাল রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা বহমান ততকাল রবে কীর্তি তোমার
জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ
ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যসহ সকল শহীদের আত্মার
দোয়া মাহফিল ও
প্রধান অতিথি : জনাব আবুল মাল আব্দুল মুহিত এম.পি
মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
সভাপতি : ড. এম.
১৮ আগস্ট, ২০১৮
মাল্টিপারপাস হল, সিকিউরিটিজ কমিশন ভবন
বাংলাদেশ








ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন